

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪২৪২

৩২/ যুদ্ধ-বিগ্রহ (كتاب الملاحم)

পরিচ্ছেদঃ ২. রোমের যুদ্ধ-বিগ্রহ সম্পর্কে।

باب مَا يُذَكَّرُ مِنْ مَلَا حِمِ الرُّومِ

আরবী

حَدَّثَنَا النُّفَيْلِيُّ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ، عَنْ حَسَّانَ بْنِ عَطِيَّةَ، قَالَ قَالَ مَالُ مَكْحُولٌ وَابْنُ أَبِي زَكْرِيَّا إِلَى خَالِدِ بْنِ مَعْدَانَ وَمِلْتُ مَعَهُمْ فَحَدَّثَنَا عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ، عَنْ الْهُدْنَةِ، قَالَ قَالَ جُبَيْرٌ أَنْطَلِقُ بِنَا إِلَى ذِي مَخْبَرٍ - رَجُلٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَأَتَيْنَاهُ فَسَأَلَهُ جُبَيْرٌ عَنِ الْهُدْنَةِ فَقَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ " سَتُصَالِحُونَ الرُّومَ صَلَاحًا آمِنًا فَتَغْزُونَ أَنْتُمْ وَهُمْ عَدُوًّا مِنْ وَرَائِكُمْ فَتُنْصَرُونَ وَتَغْنَمُونَ وَتَسْلَمُونَ ثُمَّ تَرْجِعُونَ حَتَّى تَنْزِلُوا بِمَرْجِ ذِي ثُلُولٍ فَيَرْفَعُ رَجُلٌ مِنْ أَهْلِ النَّصْرَانِيَّةِ الصَّلِيبَ فَيَقُولُ غَلَبَ الصَّلِيبُ فَيَغْضَبُ رَجُلٌ مِنَ الْمُسْلِمِينَ فَيَدْفُئُهُ فَعِنْدَ ذَلِكَ تَغْدِرُ الرُّومُ وَتَجْمَعُ لِلْمَلْحَمَةِ " .

বাংলা

৪২৪২. নুফায়লী (রহঃ) জুবায়র ইব্ন নুফায়র (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা জুবায়র (রহঃ) বলেনঃ আমার সাথে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এক সাহাবী 'মিখবার' (রাঃ)-এর কাছে চলো। আমরা তাঁর কাছে উপস্থিত হলে, জুবায়র (রহঃ) তাকে সন্ধি সম্পর্কে জিজ্ঞাসা করেন। তখন তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, “তোমরা অচিরেই রোমের সাথে সন্ধি করবে”। এরপর তোমরা ও তারা সম্মিলিতভাবে অন্য এক শত্রুর বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হবে এবং তাতে বিজয়ী হয়ে গণীমতের মাল হাসিল করবে। এরপর সেখান থেকে ফিরে আসবে এবং এমন এক ময়দানে অবতরণ করবে, যা টিলাময় হবে। তখন নাসারাদের জনৈক ব্যক্তি ত্রুশ উঁচু করে বলবেঃ এ যুদ্ধে ত্রুশ বিজয়ী হয়েছে। তখন মুসলিমদের থেকে এক ব্যক্তি রাগান্বিত হয়ে তাকে মেরে ফেলবে। সে সময় রোমের বাসিন্দারা সন্ধি ভঙ্গ করে, একত্রিত হয়ে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করবে।

English

Dhu Mikhbar said:

I heard the Messenger of Allah (ﷺ) say: you will make a secure peace with the Byzantines, then you and they will fight an enemy behind you, and you will be victorious, take booty, and be safe. You will then return and alight in a meadow with mounds and one of the Christians will raise the cross and say: The cross has conquered. One of the Muslims will become angry and smash it, and the Byzantines will act treacherously and prepare for the battle.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জুবায়র ইবন নুফায়র (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36348>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন